

## ভারতে সরকারি সফরে সিঙ্গাপুরের প্রধানমন্ত্রী (অক্টোবর ৩-৭, ২০১৬)

মহামান্য প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদির আমন্ত্রণে সিঙ্গাপুরের প্রধানমন্ত্রী মান্যবর লি শিয়েন লুং ভারতে এক সরকারি সফর করবেন অক্টোবর ৩-৭, ২০১৬। সিঙ্গাপুরের প্রধানমন্ত্রীর সঙ্গে আসবেন তাঁর স্ত্রী মহাশয়া হো চিং এবং সফরসঙ্গী হবেন গুরুত্বপূর্ণ মন্ত্রী এবং উৎ্বর্তন কর্মকর্তারা।

সফরকালে সিঙ্গাপুরের প্রধানমন্ত্রী সাক্ষাৎ করবেন ভারতের মহামান্য রাষ্ট্রপতি শ্রী প্রণব মুখোপাধ্যায়ের সঙ্গে এবং দ্বিপাক্ষিক বৈঠক করবেন প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদির সঙ্গে। পরবাট্টমন্ত্রী শ্রীমতি সুষমা স্বরাজ সাক্ষাৎ করবেন সিঙ্গাপুরের প্রধানমন্ত্রীর সঙ্গে।

সিঙ্গাপুরের প্রধানমন্ত্রীর প্রতিনিধি দলে থাকবেন বাণিজ্য ও শিল্প মন্ত্রী জনাব এস ঈশ্বরগ, ভারপ্রাপ্ত শিক্ষামন্ত্রী (উচ্চ শিক্ষা এবং দক্ষতা) এবং প্রতিরক্ষার প্রবীণ প্রতিমন্ত্রী মহামান্য অং ই কুং, প্রতিরক্ষা এবং বিদেশ বিষয়ক প্রবীণ প্রতিমন্ত্রী ড. মহম্মদ মালিকি বিন ওসমান, পার্লামেন্টের সদস্য শ্রীমতি ডেনিস ফুয়ে এবং জনাব বিক্রম নায়ার এবং একটি সরকারি প্রতিনিধিদল।

এছাড়াও সিঙ্গাপুরের প্রধানমন্ত্রী অক্টোবর ৫-৬, ২০১৬ পরিদর্শন করবেন উদয়পুর, রাজস্থান।

**নয়াদিল্লি**

সেপ্টেম্বর ৩০, ২০১৬